

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৭৫২

১/ বিবিধ

আরবী

وجبت محبة الله على من أغضب فحلم
موضوع

رواه ابن عدي (2 / 331) : حدثنا ابن أبي صالح. حدثنا أبو مصعب: حدثني مالك عن يحيى بن سعيد عن عروة عن عائشة مرفوعا. وقال: " وهذا عن مالك منكر ". قلت: أورده في ترجمة أبي مصعب هذا وسماه مطرفا، وقال: " يحدث عن ابن أبي ذئب ومالك وغيرهما بالمناكير

قلت: مطرف هذا من شيوخ البخاري في " الصحيح " وهو ثقة كما قال ابن سعد والدارقطني وغيرهما، وبه جزم الحافظ في " التقریب " وقال: " لم يصب ابن عدي في تضعيفه

وقد ساق الذهبي له أحاديث في " الميزان " من طريق ابن عدي عن ابن أبي صالح هذا وهو أحمد بن داود ومنها هذا الحديث ثم قال: " قلت: وهذه أباطيل حاشا مطرفا من روايتها، وإنما البلاء من أحمد بن داود! فكيف خفي هذا على ابن عدي فقد كذبه الدارقطني؟! ولو حولت هذه إلى ترجمته كان أولى

وكذا قال الحافظ في " التهذيب "، وقد فعل الذهبي ما أشار إليه، فنقل الحديث إلى ترجمة أحمد هذا وقال: " وهذا موضوع

ووافقه الحافظ ابن حجر في " اللسان " وذكر أن أحمد هذا قال فيه ابن حبان وابن طاهر: " كان يضع الحديث

قلت: ومن طريقه أخرج الحديث أبو نعيم في " أخبار أصبهان " (5 / 135)
 والقضاعي في " مسند الشهاب " (46 / 2) والقاضي أبو بكر الشهرزوري في " جزء
 فيه مجلسان " (4 / 2) وابن عساكر (5 / 84 / 2)
 وأورده السيوطي في " نيل الأحاديث الموضوعة " (167 - 168) من طريق أبي نعيم،
 ثم قال السيوطي: " قال في " الميزان ": هذا موضوع، من أكاذيب ابن داود ". قلت:
 وأقره ابن عراق في " تنزيه الشريعة " (359 / 1 - 2)
 ومع هذا كله فقد سود به السيوطي كتابه " الجامع الصغير "! فتعقبه المناوي بكلام
 الذهبي على الحديث وبقول ابن طاهر في راويه: " كان يضع الحديث ". وكذا قال ابن
 حبان (1 / 134)

বাংলা

৭৫২। যে ব্যক্তি নিজেকে রাগান্বিত করে ধৈর্য্য ধারণ করে, তার উপর আল্লাহর মুহাব্বাত ওয়াজিব হয়ে যায়।

হাদীছটি জাল।

এটি ইবনু আদী (২/৩৩১) ইবনু আবী সালেহ হতে তিনি আবু মুসআব হতে তিনি মালেক হতে তিনি ইয়াহইয়া ইবনু সাঈদ হতে তিনি উরওয়াহ হতে ... বর্ণনা করেছেন। অতঃপর তিনি বলেছেনঃ মালেক হতে এ হাদীছটি মুনকার।

আমি (আলবানী) বলছিঃ তিনি আবু মুস'আবের জীবনীতে হাদীছটি উল্লেখ করে তার নাম "মাত্রাফ" উল্লেখ করে বলেছেনঃ তিনি ইবনু আবী যিইব, মালেক ও অন্য বিদ্বানদের থেকে মুনকার হাদীছ বর্ণনা করেছেন।

আমি বলছিঃ এই মাত্রাফ সহীহ বুখারীর মধ্যে ইমাম বুখারীর শাইখ। তিনি নির্ভরযোগ্য যেমনটি ইবনু সা'আদ, দারাকুতনী ও অন্য বিদ্বানগণ বলেছেন। হাফিয ইবনু হাজার "আত-তাকরীব" গ্রন্থে তা দৃঢ়তার সাথে উল্লেখ করেছেন। তিনি আরো বলেছেনঃ ইবনু আদী মাত্রাফকে দুর্বল বলে ঠিক করেননি। হাফিয যাহাবী "আল-মীযান" গ্রন্থে তার কতিপয় হাদীছ ইবনু আদীর সূত্রে এই ইবনু আবী সালেহ (আহমাদ ইবনু দাউদ) হতে উল্লেখ করেছেন। সেই সব হাদীছগুলোর একটি হচ্ছে এটি। অতঃপর তিনি (যাহাবী) বলেনঃ এ হাদীছগুলো মাত্রাফের প্রসঙ্গ উল্লেখ না করেই বাতিল। সমস্যা হচ্ছে আহমাদ ইবনু দাউদ হতে! কিভাবে ইবনু আদীর নিকট সমস্যাটি লুক্কায়িত থাকলো তা বোধগম্য নয়, কারণ দারাকুতনী তাকে মিথ্যুক আখ্যা দিয়েছেন! তার কথা উল্লেখ করে কারণ দর্শানই উত্তম ছিল। অনুরূপ কথা হাফিয ইবনু হাজার "আত-তাকরীব" গ্রন্থে বলেছেন। যাহাবী আহমাদের জীবনীতে হাদীছটি উল্লেখ করে বলেছেনঃ এটি বানোয়াট।

হাফয ইবনু হাজার “আল-লিসান” গ্রন্থে তার সাথে একমত পোষণ করে উল্লেখ করেছেন যে, ইবনু হিব্বান এবং ইবনু তাহের এই আহমাদ সম্পর্কে বলেনঃ তিনি হাদীছ জাল করতেন।

আমি (আলবানী) বলছিঃ তার সূত্রেই হাদীছটি আবু নোয়াইম “আখবারু আসবাহান” (৫/১৩৫) গ্রন্থে, কাযাঈ “মুসনাদুশ শিহাব” (২/৪৬) গ্রন্থে, কাযী আবু বাকর শাহারযুরী “জুযউ ফীহে মাজলেসান” (২/৪) গ্রন্থে এবং ইবনু আসাকির (৫/৮৪/২) বর্ণনা করেছেন।

সুযুতী “যায়লুল আহাদীছিল মাওয়ুআহ” (১৬৭-১৬৮) গ্রন্থে হাদীছটি আবু নোয়াইমের সূত্রে উল্লেখ করে বলেছেনঃ যাহাবী “আল-মীযান” গ্রন্থে বলেছেনঃ এটি বানোয়াট। এটি আহমাদ ইবনু দাউদের মিথ্যাগুলোর অন্তর্ভুক্ত।

আমি (আলবানী) বলছিঃ ইবনু ইরাক “তানযীহশ শারীয়াহ” (১-২/৩৫৯) গ্রন্থে তার মন্তব্যকে সমর্থন করেছেন।

এতো কিছু সত্ত্বেও সুযুতী “আল-জামেউস সাগীর” গ্রন্থে হাদীছটি উল্লেখ করেছেন। এ কারণে মানবী- যাহাবী এবং ইবনু তাহেরের বক্তব্য উল্লেখ করে তার সমালোচনা করেছেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71631>

📌 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন